সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

এ.কে.এম. রফিকুল ইসলা
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম

জুলাই ১,২০১৬-জুন ৩০,২০১৭

## সূচীপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ১-৩ |
| ২ | উপক্রমণিকা | ৪ |
| ৩ | সেকশন-১ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী | ৫ |
| ৪ | সেকশন-২ : বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | ৬-৭ |
| ৫ | সেকশন-৩ : কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ | ৮-১২ |
| ৬ | সংযোজনী-১ : শব্দসংক্ষেপ (Acronyms) | ১৩ |
| ৭ | সংযোজনী -২ : কর্মসম্পাদন সূচক সমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১৪-১৫ |
| | সংযোজনী-৩ : কর্মসম্পাদন লক্ষ্য অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৬-১৭ |


এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

# বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of Bangladesh Tourism Board)

## সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যত পরিকল্পনা

### সাম্প্রতিক অর্জন (বিগত ০৩ বছরের অর্জন)

- বাংলাদেশকে একটি পরিকল্পিত পর্যটন গন্তব্য হিসেবে উন্নীত করার লক্ষ্যে জাতীয় পর্যটন পরিষদের (National Tourism Council) সিদ্ধান্তক্রমে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম গ্রহণ।
- ইতিহাস ও ঐতিহ্যভিত্তিক পর্যটন উন্নয়ন এবং বৌদ্ধ ধর্মীয় প্রাচীন স্থাপনাগুলোকে পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়ন, প্রচার ও বিপণনের লক্ষ্যে জাতিসংঘ বিশ্ব পর্যটন সংস্থার **United Nation World Tourism Organization(UNWTO) সহযোগিতায় International Conference on Developing of Sustainable and Inclusive Buddhist Heritage and Pilgrimage Circuits in South Asia's Buddhist Heartland)** শীর্ষক আন্তর্জাতিক কনফারেন্স আয়োজন।
- গত তিন বছরে সংস্থার গভর্নিং বডি কর্তৃক অনুমোদিত দেশী বিদেশী মেলায় আকর্ষণীয়ভাবে অংশগ্রহণ। ফলশ্রুতিতে বাংলাদেশের ট্যুর অপারেটর এবং বিদেশী ট্যুর অপারেটরদের মধ্যে ব্যবসায়িক সম্পর্ক সুপ্রতিষ্ঠিত হয়। বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ২০১৪ সালে দক্ষিণ কোরিয়ার সিউলে অনুষ্ঠিত Korea World Travel Fair (KOTFA) এ Best Marketing NTO হিসেবে আন্তর্জাতিক পুরস্কার অর্জন।
- পর্যটন বর্ষ-২০১৬ (Visit Bangladesh Year-2016) এর আনুষ্ঠানিক উদ্বোধন এবং পর্যটন বর্ষ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, পর্যটন বর্ষে আগত অতিথিদের জন্য প্রস্তুতি গ্রহণ, পর্যটন সেবার মানোন্নয়নে স্থানীয় টিভি, রেডিও ও ডিজিটাল মাধ্যমে পর্যটন বর্ষের প্রচার কার্যক্রম বাস্তবায়ন।
- গত তিন বছরে বিশ্বের বিভিন্ন দেশ থেকে মোট ৫৬ জন বিদেশী ট্যুর অপারেটর এবং মিডিয়া প্রতিনিধিদের জন্য বাংলাদেশে পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন।
- কক্সবাজারকে একটি আন্তর্জাতিক পর্যটন গন্তব্য হিসেবে প্রচার ও বিপণনের জন্য দেশের ইতিহাসে প্রথমবারের **মতো 'মেগা বিচ কার্ণিভাল ডেস্টিনেশন-কক্সবাজার'** আয়োজন।
- নৌ-পর্যটন উন্নয়ন ও আন্তর্জাতিক সি-ক্রুজে বাংলাদেশকে সম্পৃক্ত করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাসমূহের সাথে কার্যকর যোগাযোগ স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক সমন্বয়কের ভুমিকা পালন।
- বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক ICC World T20-2014 এর সময় টুর্ণামেন্টের Local Partner হিসেবে আগত বিদেশী অতিথিদের নিকট পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিশেষ কার্যক্রম বাস্তবায়ন।
- বিটিবি কর্তৃক নির্মিত Beautiful Bangladesh-Land of Stories এবং Beautiful Bangladesh-Land of Rivers শীর্ষক টেলিভিশন প্রামাণ্যচিত্র দু'টির যথাক্রমে ০৫ টি ও ০২ টি মর্যাদাজনক আন্তর্জাতিক পুরস্কার অর্জন।
- আন্তর্জাতিক পর্যায়ে সফল যোগাযোগের ফলে বাংলাদেশ বিশ্ব পর্যটন সংস্থা (UNWTO) Commission For South Asia (CSA) এবং OIC Tourism Ministers' Conference এর ভাইস-চেয়ারম্যান নির্বাচিত।

### সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

১. ২০১০ সালে জাতীয় পর্যটন সংস্থা হিসেবে বিটিবি প্রতিষ্ঠিত হলেও এখন জনবল নিয়োগ করা হয়নি। বাংলাদেশ পর্যটন করপোরেশন থেকে সংযুক্তির ভিত্তিতে নয় জন কর্মকর্তা ও এক জন কর্মচারী এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ থেকে সংযুক্তির ভিত্তিতে এক জন কর্মচারী বিটিবি-তে কর্মরত আছে। উল্লেখ্য, ইতোমধ্যে নিয়োগবিধি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক মন্ত্রণালয় থেকেও ছাড়পত্র দেয়া হয়েছে। বর্তমানে নিয়োগ প্রক্রিয়া চলমান, ফলে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হলে জনবল সমস্যার সমাধান হবে।

২. পর্যটন শিল্পের প্রচার ও বিপণনে বিটিবি বেসরকারি খাতকে সম্পৃক্ত করে কার্যক্রম গ্রহণ করে। তবে বিটিবি বা মন্ত্রণালয়ে ট্যুর অপারেটরদের কোন নিবন্ধন না থাকায় বেসরকারি খাতের বড় একটি অংশের বিটিবি বা মন্ত্রণালয়ের প্রতি আইনগত কোন দায়বদ্ধতা তৈরী হয়নি, যা বিটিবি-র কার্যক্রম সম্পাদনে একটি চ্যালেঞ্জ।

৩. বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে ক্যাটাগরি ভিত্তিক পর্যটন আগমন বিষয়ক কোন তথ্য-উপাত্ত নেই। এ বিষয়ক ডাটাবেইজ তৈরী করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থা যেমন- বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বিশেষ শাখা, বাংলাদেশ মিশন ইত্যাদির নিকট নির্ভরশীল হতে হয়। পর্যটক আগমন সংক্রান্ত ডাটাবেইজ তৈরী করার বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সমন্বিত করে কার্যক্রম গ্রহণ বিটিবি-র অন্যতমএকটি চ্যালেঞ্জ।

৪. পর্যটন একটি বহুমাত্রিক শিল্প। এ শিল্পের উন্নয়ন ও ব্যবস্থাপনার সাথে বেসামরিক বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ পর্যটন করপোরেশন, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ছাড়াও অন্যান্য মন্ত্রণালয় এবং সরকারি ও বেসরকারি সংস্থার সম্পৃক্ততা রয়েছে। এ সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের তাৎক্ষনিক সহযোগিতা পাওয়া বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের জন্য একটি চ্যালেঞ্জ ।

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

ভবিষ্যত পরিকল্পনা

১. জাতীয় পর্যটন নীতিমালা বাস্তবায়নকারী সংস্থা হিসেবে বিটিবি কর্তৃক জাতীয় পর্যটন পরিষদের অনুমোদনক্রমে পর্যটন শিল্পের সার্বিক একটি চউন্নয়ন ও বিকাশের লক্ষ্যে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী মহা-পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। পর্যটন মহাপরিকল্পনা তৈরীর কার্যক্রম আগামী ২০১৮ সালে শেষ হবে। মহাপরিকল্পনাটি বাস্তবায়িত হলে বাংলাদেশ বিশ্বের অন্যতম প্রধান আকর্ষণীয় পর্যটন গন্তব্যে পরিণত হবে। পর্যটন মহাপরিকল্পনা এর সফল বাস্তবায়ন বাংলাদেশকে দক্ষিণ-পূর্ব এশিয়ায় আকর্ষণীয় পর্যটন গন্তব্য পরিণত করার ক্ষেত্রে যুগান্তকারী ভুমিকা পালন করবে মর্মে প্রতীয়মান হয়।

২. মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ২০১৬ সালকে পর্যটন বর্ষ হিসেবে ঘোষণা করা হয়। এতদলক্ষ্যে বিটিবি কর্তৃক পর্যটন আকর্ষণ উন্নয়ন ও পর্যটন প্রচারনামূলক ইভেন্ট আয়োজনসহ দেশে-বিদেশে ব্যাপক প্রচারনামূলক কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা হচ্ছে। পর্যটন বর্ষ উপলক্ষ্যে গৃহীত এ কার্যক্রম ২০১৫-১৬, ২০১৬-১৭ এবং ২০১৭-১৮ পর্যন্ত ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে।

৩. নৌ-পর্যটন উন্নয়নে বাংলাদেশ ও ভারতের মধ্যে সংশোধিত নৌ-প্রটোকল অনুযায়ী যাত্রিবাহী নৌযান চলাচলের বিষয়ে বিআইডব্লিওটিএ কর্তৃক Standard Operating Procedure (SOP) চূড়ান্ত হওয়ার পরে বিটিবি কর্তৃক এতদবিষয়ে জনসচেতনতা সৃষ্টিসহ প্রচার কার্যক্রম পরিচালনা করা হবে।

৪. বাংলাদেশের ইতিহাসে ২০১৭ সালের ফেব্রুয়ারী মাসে প্রথম আন্তর্জাতিক সি-ক্রুজ চট্টগ্রাম, কক্সবাজার ও সুন্দরবন ভ্রমণ করবে। বাংলাদেশে সি-ক্রুজ আগমন পর্যটন শিল্পের বিকাশে একটি নতুন মাইলফলক হিসেবে বিবেবিচত হবে। এর ধারাবাহিকতা রক্ষা এবং বাংলাদেশকে দক্ষিণ-পূর্ব এশিয়ার ক্রুজ ডেষ্টিনেশন হিসেবে গড়ে তোলার লক্ষ্যে বিটিবি কর্তৃক যথাযথভাবে সমন্বয়কের দায়িত্ব পালন করা হবে।

৫. বিভিন্ন আন্তর্জাতিক মেলায় অংশগ্রহণ, রোড শো/ সেলস মিশন আয়োজন, পরিচিতিমুলক ভ্রমণ আয়োজন, ডিজিটাল মাধ্যমে প্রচার-বিপণন

৬. আগামী ২৩-২৫ নভেম্বর ২০১৬ তারিখে কক্সবাজারে PATA New Frontiers Forum আয়োজন করা হবে।

৭. ২০১৭ সালে বাংলাদেশে UNWTO Commission For South Asia (CSA) এবং OIC Tourism Ministers' Conference আয়োজন করা হবে।

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- পর্যটন বর্ষ-২০১৬ এর প্রথম পর্যায়ের কার্যক্রম সম্পন্নকরণ;
- পর্যটন মহাপরিকল্পনা প্রণয়নে আন্তর্জাতিক পর্যটন পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ ও মহাপরিকল্পনা প্রণয়নের প্রথম ধাপে; ২০১৬-১৭ অর্থবছরে Situation Analysis পর্যায় সমাপ্তিকরণ;
- দেশে পর্যটক আগমন বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক পর্যটন বাজারে বাংলাদেশের প্রচার কার্যক্রম চলমান রাখা যেমনঃ আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ, সেলস মিশন আয়োজন ও পরিচিতিমুলক ভ্রমণের আয়োজন ও বাস্তবায়ন;
- কক্সবাজার ও কুয়াকাটায় মেগাবিচ কার্ণিভাল আয়োজন;
- পাটা নিউ ফ্রন্টিয়ার্স ফোরাম আয়োজন;
- নতুন পর্যটন আকর্ষণ হিসেবে বরিশালে ব্যাকওয়াটার্স পর্যটন উন্নয়ন;
- তিন পার্বত্য জেলাসমূহে এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন;
- কমিউনিটি পর্যটন উন্নয়নে হোমস্টে কার্যক্রম গ্রহণ;
- হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে পর্যটন তথ্যকেন্দ্র স্থাপন ও পরিচালনা;
- বাংলাদেশের পর্যটন শিল্পের উপর বাৎসরিক প্রতিবেদন প্রকাশ।

নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## উপক্রমণিকা ( **Preamble**)

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

এবং

প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড এর মধ্যে ২০১৬ সালের জুন মাসের ----------- তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সেকশন ১

## বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের রূপকল্প (Vision), অভিলক্ষ্য ( Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ ও কার্যাবলী

### রূপকল্প (Vision)

দক্ষিণ এশিয়ার মধ্যে বাংলাদেশকে অন্যতম প্রধান পর্যটন গন্তব্য হিসেবে গড়ে তোলা।

### অভিলক্ষ্য (Mission)

১. সুপরিকল্পিত ও টেকসই উন্নয়নের মাধ্যমে বিশ্বমানের পর্যটন পণ্য ও সেবার উন্নয়ন।
২. কার্যকরী প্রচার ও বিপণনের মাধ্যমে বহির্বিশ্বে বাংলাদেশের পর্যটন পণ্য ও সেবার বিপণন।

### কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

১. পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে একটি স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহা-পরিকল্পনা প্রণয়ন;
২. কক্সবাজার ও কুয়াকাটাকে পর্যটন গন্তব্য হিসেবে প্রচারের লক্ষ্যে বিচ কার্ণিভাল আয়োজন
৩. বহির্বিশ্বে জনসংযোগ ও প্রচার কার্যক্রমের মাধ্যমে পর্যটন গন্তব্য হিসেবে বাংলাদেশের উজ্জ্বল ভাবমূর্তি গড়ে তোলা;
৪. স্থানীয় জনগোষ্ঠীকে পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত করার জন্য কমিউনিটি পর্যটন উন্নয়ন কার্যক্রম গ্রহণ;
৫. আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের জন্য বিভিন্ন বিপণন কর্মসূচী বাস্তবায়ন;
৬. মানসম্মত সেবা প্রদানে স্থানীয় জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন;
৭. পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের বিপণন সক্ষমতা বৃদ্ধিকল্পে কার্যক্রম বাস্তবায়ন।

### কার্যাবলী (Functions)

১. পর্যটন উন্নয়নে নীতিমালা প্রণয়ন, সুপারিশ প্রদান ও বিদ্যমান পর্যটন সংক্রান্ত নীতিমালা বাস্তবায়নে সহায়তা;
২. পর্যটন শিল্পের সার্বিক উন্নয়নে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্টদের পরামর্শ বা দিকনির্দেশনা প্রদান;
৩. পর্যটন আকর্ষণ চিহ্নিতকরণ, সংরক্ষণ, উন্নয়ন, বিকাশ ও গণসচেতনতা তৈরী;
৪. দায়িত্বশীল পর্যটন (Responsible Tourism) বাস্তবায়ন করার লক্ষ্যে সরকার, ব্যক্তিখাত, স্থানীয় জনগোষ্ঠী, স্থানীয় প্রশাসন, এনজিও, নারী সংগঠন ও মিডিয়ার অংশগ্রহণের ব্যবস্থাকরণ;
৫. বিদেশী পর্যটন প্রতিষ্ঠানের সাথে দেশীয় সরকারি ও বেসরকারি পর্যটন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপনে সহযোগিতা প্রদান ও কাজে সমন্বয় সাধন;
৬. বাংলাদেশে পর্যটকদের আগমন এবং অবস্থানকে সহজতর ও নিরাপদ করাসহ অন্যান্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে সরকারের বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;
৭. পর্যটন শিল্প সহায়ক সুবিধাসমূহ সৃষ্টি এবং পর্যটন সংশ্লিষ্ট উন্নয়ন কার্যক্রমে সহায়তা প্রদান ও দেশে বিদেশে বিপণনের বিষয়ে সরকারি ও বেসরকারি সংস্থা বা প্রতিষ্ঠান, সরকারি বিভাগ বা দপ্তরের মধ্যে নিয়মিত যোগাযোগ রক্ষা ও সমন্বয় সাধন;
৮. পর্যটন শিল্পের মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও পরিচালনায় প্রয়োজনীয় সহায়তা ও দিকনির্দেশান প্রদান ;
৯. পর্যটন আকর্ষণের মান নিয়ন্ত্রণ এবং পর্যটকদের স্বার্থ রক্ষায় মানসম্পন্ন পর্যটন সেবা প্রদান নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ;
১০. প্রতিবন্ধী পর্যটকদের অংশগ্রহণের সুবিধাদি নিশ্চিতকরণ;
১১. পর্যটন শিল্পে নারীর অধিকার ও অংশগ্রহণ সংরক্ষণ;
১২. পর্যটন শিল্পের উন্নয়নের জন্য গবেষণা, আন্তর্জাতিক বাজার পর্যবেক্ষণ ও বিশ্লেষণপূর্বক যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ;
১৩. পর্যটন সম্পৃক্ত রুগ্ন শিল্পকে সহায়তা প্রদানকল্পে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান;
১৪. পর্যটন সম্পর্কিত যাবতীয় মেলার আয়োজন ও প্রচার বা প্রকাশনামূলক কার্যক্রম গ্রহণে দিকনির্দেশনা প্রদান ;
১৫. পর্যটন সংক্রান্ত ডাটাবেস তৈরী ;
১৬. সরকার কর্তৃক সময় সময় অন্য যেইরুপ দায়িত্ব অর্পণ করা হইবে সেইরুপ দায়িত্ব পালন।

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সেকশন-২

## বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনের সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়ন ও বিকাশ | মহাপরিকল্পনা প্রনয়নে পরামর্শক নিয়োগ ও প্রথম পর্যায়ের Situation Analysis এর কার্যক্রম সম্পন্নকরণ | সংখ্যা | - | - | ১ | - | - | পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | পূর্ণাঙ্গ মহাপরিকল্পনা প্রণয়ন | সংখ্যা | - | | - | ১ | - | পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | ব্যাকওয়াটার্স পর্যটন উন্নয়ন | সংখ্যা | - | | ১ | ২ | ২ | সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | এ্যাডভেঞ্চার পর্যটন উন্নয়ন | সংখ্যা | - | | ১ | ২ | ২ | তিন পার্বত্য জেলার জেলা প্রশাসন ও জেলা পরিষদ এবং পর্যটন শিল্পের সাথে সম্পৃক্ত সরকারি-বেসরকারি স্টেকহোল্ডারগণ | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| বিদেশী পর্যটকদের নিকট গন্তব্য হিসেবে কক্সবাজার ও কুয়াকাটার পরিচিতি বৃদ্ধি | বিচ কার্নিভাল আয়োজন | সংখ্যা | - | ১ | ০২ | ০২ | ০২ | কক্সবাজার ও পটুয়াখালী জেলা প্রশাসন | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| বাংলাদেশের পর্যটন আকর্ষণ সম্পর্কে আন্তর্জাতিক ক্ষেত্রে সচেতনতা বৃদ্ধি | সরাসরি ইমেইল প্রদান | সংখ্যা | ১০ | ২০ | ৪০ | ৫০ | ৭০ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| | মিডিয়া কভারেজ | সংখ্যা | ২৫ | ৩০ | ৫০ | ৭০ | ৮০ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটন শিল্পের মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন | হোমস্টে কার্যক্রমে সম্পৃক্ত পরিবার | সংখ্যা | ৪ | ৪ | ৮ | ১০ | ১৫ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, স্থানীয় সরকার ও সংশ্লিষ্ট অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| আন্তর্জাতিক পর্যটন বাজারে দেশের পর্যটন শিল্পের প্রচার ও বিপণন | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | সংখ্যা | ১০ | ১২ | ১০ | ১২ | ১৫ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পরিচিতিমূলক ভ্রমণে আগত ট্যুর অপারেটর ও মিডিয়াকর্মীদের নিকট বাংলাদেশের পর্যটন পণ্য ও সেবার প্রচার | পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন | সংখ্যা | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদনের সূচকসমূহ | একক | প্রকৃত | | লক্ষমাত্রা ২০১৬-১৭ | প্রক্ষেপন | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | | ২০১৭-১৮ | ২০১৮-১৯ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| বিদেশী ট্যুর অপারেটরদের সাথে বাংলাদেশের ট্যুর অপারেটরদের নেটওয়ার্কিং ও B2B সম্পর্ক বৃদ্ধি | রোড শো/সেলস মিশন | সংখ্যা | - | - | ২ | ৩ | ৪ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| উন্নত পর্যটন সেবা | সচেতনতামূলক কর্মসূচী | % | ৪০ | ৪২ | ৪৫ | ৫০ | ৫৫ | জেলা প্রশাসন, স্থানীয় সরকার ও সংশ্লিষ্ট স্টেকহোল্ডার | বিটিবি কর্তৃক পরিচালিত গবেষণা প্রতিবেদন |
| নবাগত ট্যুর অপারেটরদের আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের ক্ষেত্রে সক্ষমতা বৃদ্ধি | প্রশিক্ষণ কর্মসূচী | সংখ্যা | ১ | ২ | ৩ | ৪ | ৫ | বাংলাদেশ ট্যুরিজম বোর্ড ও সংশ্লিষ্ট অন্যান্য ষ্টেকহোল্ডার | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |
| পর্যটক আগমন বৃদ্ধি | বিদেশী পর্যটক আগমনের ডাটাবেজ প্রণয়ন | % | - | - | ১০ | ১২ | ১৫ | বাংলাদেশ মিশন, বিশেষ শাখা,বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, বাংলাদেশ ব্যাংক | বিটিবি প্রণীত অগ্রগতির প্রতিবেদন |

এ.কে.এম. [illegible] ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সেকশন-৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators ) | একক | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | প্রকৃত অর্জন (২০১৪-১৫) | | লক্ষমাত্রা /ক্রাইটেরিয়ার মান ২০১৬-১৭ | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতিমানের নিম্নে ৬০% | | |
| (১) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহাপরিকল্পনা তৈরী | ২০ | ১) মহাপরিকল্পনা প্রনয়ন | মহাপরিকল্পনা প্রনয়নে পরামর্শক নিয়োগ ও প্রথম পর্যায়ের Situation Analysis এর কার্যক্রম সম্পন্নকরণ | তারিখ | ২০ | - | - | জুন ৫'১৭ | জুন ১০'১৭ | জুন ১৫'১৭ | জুন ২০.১৭ | জুন ৩০, ১৬ | ১০০% | বাস্তবায়ন শুরু |
| (২) কক্সবাজার ও কুয়াকাটাকে পর্যটন গন্তব্য হিসেবে প্রচারের লক্ষ্যে বিচ কার্নিভাল আয়োজন | ২০ | ২) কক্সবাজার বিচ কার্নিভাল আয়োজন | বিচ কার্নিভাল আয়োজন | সংখ্যা | ১০ | - | ১ | ১ | - | - | - | - | ১ | ১ |
| | | ৩) কুয়াকাটা বিচ কার্নিভাল আয়োজন | বিচ কার্নিভাল আয়োজন | সংখ্যা | ১০ | - | - | ১ | | | | | | |
| (৩) বহির্বিশ্বে জনসংযোগ ও প্রচার কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশকে একটি পর্যটন গন্তব্য হিসেবে প্রতিষ্ঠিত করা। | ১০ | ৪) প্রচার কার্যক্রমের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ, এবং ইমেইল মার্কেটিং | সরাসরি ইমেইল প্রদান | সংখ্যা | ৫ | ১০ | ২০ | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৫ | ৫০ | ৭০ |
| | | ৫) নিউজ রিপোর্ট/ এডিটরিয়াল কভারেজ প্রিন্ট এন্ড ডিজিটাল মিডিয়া | মিডিয়া কভারেজ | সংখ্যা | ৫ | ২৫ | ৩০ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ২০ | ৭০ | ৮০ |
| (৪) স্থানীয় জনগোষ্ঠীকে কমিউনিটি পর্যটন উন্নয়নে সম্পৃক্তকরণ কার্যক্রম | ৫ | ৬) কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ | হোমস্টে কার্যক্রমে সম্পৃক্ত পরিবার | সংখ্যা | ১০ | ৪ | ৪ | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ১০ | ১৫ |
| (৫) আন্তর্জাতিক পর্যটন বাজারে প্রবেশের জন্য বিভিন্ন বিপণন কর্মসূচী বাস্তবায়ন | ২০ | ৭) আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | সংখ্যা | ১০ | ১০ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৫ |
| | | ৮) পরিচিতিমূলক ভ্রমণের আয়োজন | পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |
| | | ৯) রোড শো আয়োজন | রোড শো/সেলস মিশন আয়োজন | সংখ্যা | ৫ | - | - | ২ | ১ | - | - | - | ৩ | ৪ |
| (৬) পর্যটন সচেতনতামূলক কার্যক্রম | ৫ | ১০) পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডারদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হবে। | সচেতনতামূলক কর্মসূচীর আয়োজন | সংখ্যা | ৫ | ২ | ৩ | ৪ | ৩ | ২ | ১ | - | ৫ | ৬ |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators ) | প্রকৃত অর্জন (২০১৪-১৫) | | লক্ষমাত্রা /ক্রাইটেরিয়ার মান ২০১৬-১৭ | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৭-১৮ | প্রক্ষেপন ( Projection) ২০১৮-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৪-১৫ | ২০১৫-১৬ | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতিমান ৭০% | চলতিমানের নিম্নে ৬০% | | |
| (৭) পর্যটন শিল্পের স্টেকহোল্ডারদের বিপণন সক্ষমতা বৃদ্ধিকল্পে কার্যক্রম গ্রহণ | ৫ | ১১) নবাগত ট্যুর অপারেটরদের প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী | প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন | সংখ্যা | ৫ | ১ | ২ | ৩ | ২ | ১ | - | - | ৪ | ৫ |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

# দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য সমূহ
## (মোট মান - ২০)

| কলাম - ১ | কলাম - ২ | কলাম - ৩ | কলাম - ৪ | | কলাম - ৫ | কলাম - ৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objective) | কৌশলগত উদ্দেশ্য মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weitage of PT) | অসাধারণ (Excellent) | অতিউত্তম (Very Good) | উত্তম (Good) | চলিত মান (Fair) | চলিতমানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৬ | ২০১৬-২০১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রালায়/বিভাগ দাখিলকৃত | তারিখ | ১ | ১৯ মে | ২২মে | ২৪মে | ২৫মে | ২৬মে |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বাষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ২৬-৩০জুন | - | - | - | - |
| | | ২০১৫-২০১৬ অর্থ বছরের বাষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ১৪ জুলাই | ১৭জুলাই | ১৮জুলাই | ১৯জুলাই | ২০জুলাই |
| | | ২০১৬-২০১৭ অর্থবছরের কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে পরীবিক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূলায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূলায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ২২ জানুয়ারী | ২৩ জানুয়ারী | ২৪ জানুয়ারী | ২৫ জানুয়ারী | ২৬ জানুয়ারী |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ঠ কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকতা | সংখ্যা | ১ | ৩ | ২ | ১ | - | - |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | সরকারী কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকতা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জন ঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১ | ১৫ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | ২ | - | - |

মো. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১ | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ১ম সপ্তাহে | প্রতি মাসের ১ম সপ্তাহে | - | - |
| | | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | দপ্তর/সংস্থায় ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১ | ২৮ ফ্রেরুয়ারী | ৩০মার্চ | ৩০ এপ্রিল | ৩১ মে | ২৯জুন |
| | | পিআরএল শুরুর ২০মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ান ও পেনশন মঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল শুরুর ২০মাস পূর্বে সংশ্লিষ্ঠ কর্মচারীর পিআরএল ছুটি নগদায়ান ও পেনশন মনঞ্জুরীপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | সেবা প্রক্রিয়ার উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/সংস্থার কমপক্ষে একটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | ২৮ ফ্রেরুয়ারী | - | - |
| | | আভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিস্পকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | অফিস ভবন এবং আঙ্গিনা পরিচ্ছন রাখা | নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবাপ্রত্যাশি এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ আপেক্ষাগার (Waiting room) ব্যবস্থা করা | নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ আপেক্ষাগার চালু করা | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| | | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থাচালুকৃত | তারিখ | ১ | ৩০ নভেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারী | - | - |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরের অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

আমি, প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসেবে অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট সংস্থাকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিতঃ

| | |
|---|---|
| ---------------------------------------------------------- | ২৯.০৮.২০২১<br>------------------------------------- |
| প্রধান নির্বাহী কর্মকর্তা<br>বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | তারিখ |
| ২৯/০৮/২১<br>---------------------------------------------------------- | ২৯-০৮-২০২১<br>------------------------------------- |
| সচিব<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | তারিখ |

ফিকুল ইসলাম
নির্বা... কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সংযোজনী -১ ঃ শব্দসংক্ষেপ (Acronyms)

বিটিবিঃ বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| | |
|---|---|
| UNWO | : United Nation World Tourism Organization |
| UNWTO CSA | : UNWTO Commission for South Asia |
| PATA | : Pacific Asia Travel Association |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সংযোজনী - ২ ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১. | পর্যটন শিল্পের পরিকল্পিত উন্নয়নে মহাপরিকল্পনা প্রনয়ন | মহাপরিকল্পনা প্রনয়নে পরামর্শক নিয়োগ ও প্রথম পর্যায়ের Situation Analysis এর কার্যক্রম সম্পন্নকরণ | জাতীয় পর্যটন পরিষদের সিদ্ধান্ত মোতাবেক পর্যটন শিল্পের সার্বিক উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদী পর্যটন মহাপরিকল্পনা প্রণয়নের জন্য বিটিবি পদক্ষেপ গ্রহণ করেছে। মহাপরিকল্পনা প্রণয়নের জন্য একটি আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম চলছে। ২০১৬-১৭ অর্থবছরে পরামর্শক নিয়োগের কার্যক্রম সম্পন্ন হবে এবং মহাপরিকল্পনা প্রণয়নের প্রথম পর্যায়ের Situation Analysis এর কার্যক্রম সম্পন্ন হবে। আগামী জুন ২০১৮ মাসে পরিকল্পনা প্রণয়নের কার্যক্রম শেষ হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন, তথ্য ও উপাত্ত যাচাই-বাছাই | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ২. | কক্সবাজারে মেগা বিচ কার্ণিভাল আয়োজন | বিচ কার্ণিভাল আয়োজন | কক্সবাজারকে একটি আন্তর্জাতিক পর্যটন গন্তব্য হিসেবে প্রচারের জন্য তিন দিন ব্যাপী একটি মেগা বিচ কার্ণিভাল আয়োজন করা হবে। কক্সবাজারকে একটি আন্তর্জাতিক মানের গন্তব্যে হিসেবে প্রচারের লক্ষ্যে তিন দিন ব্যাপী বিভিন্ন ধরনের ইভেন্ট, সাংস্কৃতিক অনুষ্ঠান, ঐতিহ্যবাহী ক্রীড়া শৈলী প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ৩. | কুয়াকাটা মেগা বিচ কার্ণিভাল আয়োজন | বিচ কার্ণিভাল আয়োজন | কক্সবাজারের ন্যায় কুয়াকাটাকে পর্যটন গন্তব্য হিসেবে প্রচার ও বিপণনের উদ্দেশ্যে তিন দিন ব্যাপী একটি বিচ কার্ণিভাল আয়োজন করা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ৪. | পর্যটন শিল্পের প্রচারের জন্য নিউজ রিলিজ, প্রেস রিলিজ এবং ইমেইল মার্কেটিং বাস্তবায়ন করা হবে। | সরাসরী ইমেইল প্রদান | বাংলাদেশের পর্যটন শিল্পের আকর্ষণসমূহের প্রচার ও বিপণনের জন্য এবং আন্তর্জাতিক পর্যটন বাজারে বাংলাদেশ সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে অনলাইলে বিভিন্ন প্রকারের প্রেস রিলিজ, নিউজলেটার প্রচার করা হবে। | বিটিবি | Google Analytics এর মাধ্যমে যাচাই | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট এ্যানালাইসিস |
| ৫. | প্রিন্ট এন্ড ইলেকট্রনিক মিডিয়ায় এডিটরিয়াল কভারেজ | মিডিয়া কভারেজ | বাংলাদেশের সামগ্রিক পর্যটন শিল্পের উপর অনলাইন ও প্রিন্ট মিডিয়াতে এডিটরিয়াল ও নিউজ কভারেজ প্রদান করা হবে। | বিটিবি | টিভি ট্রান্সক্রিপশন ও প্রিন্ট মিডিয়া রিপোর্ট | প্রতিবেদন, ওয়েবসাইট |
| ৬. | কমিউনিটি পর্যটন উন্নয়নে স্থানীয় জনগোষ্ঠীকে সম্পৃক্তকরণ | হোমস্টে কার্যক্রমে সম্পৃক্ত পরিবারের সংখ্যা | কমিউনিটি পর্যটন উন্নয়নের লক্ষ্যে স্থানীয় জনগোষ্ঠীকে হোম স্টে কার্যক্রমের মাধ্যমে সম্পৃক্ত করা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ৭. | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | বিভিন্ন আন্তর্জাতিক পর্যটন মেলায় বাংলাদেশকে আকর্ষণীয়ভাবে তুলে ধরার কার্যক্রম গ্রহণ করা হবে। | বিটিবি | বাংলাদেশ মিশন ও মেলায় অংশগ্রহণকারীদের প্রতিবেদন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ৮. | পরিচতিমূলক ভ্রমণের আয়োজন | পরিচিতিমূলক ভ্রমণ আয়োজন | বিদেশী ট্যুর অপারেটর ও সাংবাদিকদের পরিচিতিমূলক ভ্রমণে বাংলাদেশে নিয়ে আসা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ৯. | বাংলাদেশের জন্য সম্ভাবনাময় দেশগুলোতে আয়োজন | রোড শো/সেলস মিশন আয়োজন | বিভিন্ন দেশে রোড শো আয়োজন করা হবে। | বিটিবি | বাংলাদেশ মিশন ও মেলায় অংশগ্রহণকারীদের প্রতিবেদন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |

এ. কে. এম রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| ক্রমিক নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর | পরিমাপ পদ্ধতি | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|
| ১০. | পর্যটন স্পটসমূহের পার্শ্ববর্তী স্থানীয় জনগোষ্ঠী এবং স্ট্রিট ফুড ভেন্ডারদের সচেতনতা বৃদ্ধির জন্য কর্মশালা, প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হবে। | সচেতনতামূলক কর্মসূচী আয়োজন | পর্যটন সচেতনতামূলক কার্যক্রম বাস্তবায়ন করা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |
| ১১. | প্রশিক্ষণ ও গাইড ট্রেইনিং কর্মসূচী | প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন | গাইড তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করা হবে। | বিটিবি | সরেজমিন পরিদর্শন | প্রতিবেদন, ছবি, ওয়েবসাইট |

এ.কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

## সংযোজনী-৩ ঃ অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশন | মহাপরিকল্পনা প্রণয়ন | ঢাকা মহানগরীর ঐতিহাসিক, প্রত্নতাত্ত্বিক স্থাপনাসমূহের সংরক্ষন, উন্নয়ন, পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে সহযোগিতা প্রদান | নগর ব্যবস্থাপনার সর্বিক দায়িত্ব সিটি করপোরেশনের উপর ন্যাস্ত। | অত্যাবশ্যক | পর্যটন সেবার মানোন্নয়ন বাধাগ্রস্ত হবে। |
| অন্যান্য | প্রত্নতত্ত্ব অধিদপ্তর | | ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক নিদর্শনগুলোর সার্বিক উন্নয়নের বিষয়ে পরিকল্পনা প্রনয়ণে সহযোগিতা প্রদান | অধিকাংশ পর্যটন স্থাপনাগুলো এ দপ্তরের অধীন | অত্যাবশ্যক | তথ্যভিত্তিক মহাপরিকল্পনা প্রণয়ন কঠিন হবে। |
| মন্ত্রণালয় | নৌ-পরিবহন মন্ত্রণালয়<br>সড়ক যোগাযোগ ও সেতু মন্ত্রণালয়<br>পূর্ত মন্ত্রণালয় | | পর্যটন শিল্পের অবকাঠামো-পরিকাঠামো উন্নয়নের পরিকল্পনা প্রণয়নে সহযোগিতা প্রদান | পর্যটন শিল্পের অবকাঠামো-পরিকাঠামো উন্নয়নে এ মন্ত্রণালয়গুলোর গুরুত্বপূর্ণ ভুমিকা রয়েছে। | অত্যাবশ্যক | |
| | পরিবেশ ও বন মন্ত্রণালয় | | সুন্দরবন, ইকো ও সাফারি পার্কসহ অধিদপ্তরের আওতাভুক্ত পর্যটন আকর্ষণীয় স্থানগুলোর উন্নয়নের বিষয়ে সমন্বিত সহযোগিতা প্রদান | অধিকাংশ পর্যটন আকর্ষণীয় স্থানগুলো এ মন্ত্রণালয়ের অধীন | অত্যাবশ্যক | |
| | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় | | ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা, সংস্কৃতি ও ঐতিহ্যকে পর্যটন আকর্ষণ হিসেবে উন্নয়নে পরিকল্পনা প্রনয়নে সহযোগিতা প্রদান | ঐতিহাসিক ও প্রত্নতাত্ত্বিক স্থাপনা, সংস্কৃতি ও ঐতিহ্য এ মন্ত্রণালয়ের অধীন | অত্যাবশ্যক | |
| | স্বারাষ্ট্র মন্ত্রণালয় | | পর্যটকদের নিরাপত্তা প্রদান, ভিসা প্রক্রিয়া সহজিকরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন | এ বিষয়গুলো এ মন্ত্রণালয়ের অধীন | অত্যাবশ্যক | |
| অন্যান্য | কক্সবাজার জেলা প্রশাসন জেলা পরিষদ, বিচ ম্যানেজমেন্ট কমিটি কক্সবাজার, পটুয়াখালী জেলা প্রশাসন | বিচ কার্ণিভাল আয়োজন | কক্সবাজার ও কুয়াকাটায় বিচ কার্ণিভাল আয়োজনের জন্য স্থানীয়ভাবে নিরাপত্তা বিধান, স্থানীয় জনসাধারণকে সম্পৃক্তকরণ, আয়োজনে প্রশাসনিক সহযোগিতা প্রদান | যেহেতু বিচ কার্ণিভাল দু'টি কক্সবাজার কুয়াকাটায় অনুষ্ঠিত হবে, ফলে জেলা প্রশসানের সহযোগিতা একান্ত কাম্য | অত্যাবশ্যক | বিচ কার্ণিভাল যথাযথভাবে আয়োজন করা কঠিন হবে। |
| অন্যান্য | স্থানীয় সরকার ও প্রশাসন | হোমস্টে কার্যক্রমে সম্পৃক্ত পরিবার | পর্যটকদের নিরাপত্তা বিধান ও সাধারণ মানুষকে উৎসাহিতকরণ | কমিউনিটি পর্যটন গ্রামের প্রত্যন্ত অঞ্চলগুলোতে হয়ে থাকে, ফলে নিরাপত্তা ও সার্বিক বিষয়াদির বিষয়ে স্থানীয় প্রশাসনও স্থানীয় সরকারের প্রতিনিধিদের সহযোগিতা জরুরী | অত্যাবশ্যক | টেকসই উন্নয়নের জন্য একটি চ্যালেঞ্জ হবে। |

কে.এম. রফিকুল ইসলাম
নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

| প্রতিষ্ঠানের ধরন | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অন্যান্য | বাংলাদেশ মিশন | আন্তর্জাতিক পর্যটন মেলায় অংশগ্রহণ | বাংলাদেশ মিশনের মাধ্যমে বিটিবি আন্তর্জাতিক পর্যটন মেলাগুলোতে অংশগ্রহন করে আসছে। মিশনগুলোর বিদ্যমান সহযোগিতা অব্যাহত থাকলে আরও আকর্ষনীয় ও কার্যকরভাবে মেলাগুলোতে অংশগ্রহণ সম্ভব হবে। | বহির্বিশ্বে বাংলাদেশ মিশনগুলো দেশের প্রতিনিধিত্ব করে বলে, মেলাগুলোতে কার্যকর অংশগ্রহণের ক্ষেত্রে মিশনের সহযোগিতা অত্যন্ত কাম্য। | অত্যাবশ্যক | বিদেশে আয়োজিত মেলা ও রোড শো এর কাংখিত ফলাফল অর্জন বিঘ্নিত হতে পারে। |
| অন্যান্য | | রোড শো অংশগ্রহণ | বাংলাদেশ মিশনের মাধ্যমে বিটিবি বিভিন্ন দেশে রোড শো/সেলস মিশন আয়োজন করবে। এ কাজে মিশনগুলো বিটিবিকে সহযোগিতা প্রদান করবে। | বহির্বিশ্বে প্রচার কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে মিশনের সহযোগিতা অত্যন্ত কাম্য। | অত্যাবশ্যক | আয়োজন বিঘ্নিত হতে পারে। |
| অন্যান্য | সংশ্লিষ্ট জেলা প্রশাসন | সচেতনতামূলক কর্মসূচীর আয়োজন | কর্মসূচী আয়োজনে সহযোগিতা প্রদান | দেশের বিভিন্ন স্থানে এ কার্যক্রম বাস্তবায়িত হবে, ফলে কার্যকর বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনের সহযোগিতা জরুরী। | অত্যাবশ্যক | আয়োজন বিঘ্নিত হতে পারে। |

নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড